

প্রেস রিলিজ
২৬ ফেব্রুয়ারি ২০২৬

বাউবির বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এর ফলাফল প্রকাশ পাসের হার শতকরা ৬৬ দশমিক ৭৩

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এর প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ সেমিস্টারের বিষয়ভিত্তিক ফলসহ চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে। আজ বৃহঃবার (২৬ ফেব্রুয়ারি ২০২৬) পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ হাবিবুল্লাহ মাহামুদ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আনুষ্ঠানিকভাবে এই ফলাফল ঘোষণা করেন।

ছয়টি সেমিস্টারে মোট নিবন্ধিত শিক্ষার্থী সংখ্যা ২ লাখ ৫৯ হাজার ৯৬৯ জন এবং পরীক্ষায় মোট অংশগ্রহণকারী শিক্ষার্থী সংখ্যা ২ লাখ ২০ হাজার ২১৪ জন। এছাড়াও চূড়ান্ত পরীক্ষায় ৪০ হাজার ৪৭৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মধ্যে ২৭ হাজার ০৮ জন শিক্ষার্থী উত্তীর্ণ হন। পরীক্ষায় পাসের হার শতকরা ৬৬ দশমিক ৭৩।

উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১৪ হাজার ৬৬৭ জন ছাত্র এবং ১২ হাজার ৩৪১ জন ছাত্রী।

উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১ জন 'A-', ১৭০ জন 'B+', ২,৬৭১ জন 'B', ৮,৭৬০ জন 'B-', ১০,০৪২ জন 'C+', ৪,৭৭৩ জন 'C' এবং ৫৯১ জন 'C-' গ্রেডে উত্তীর্ণ হয়েছে।

শিক্ষার্থীদের ফল result.bou.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও SMS এর মাধ্যমে চূড়ান্ত ফলাফল পাওয়া যাবে।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)